

৩রা জুন ২০২৩ খ্রিষ্টাব্দ, রোজ শনিবার পূর্ণদিনের জন্য অনুষ্ঠিত হয় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের শিক্ষক/শিক্ষিকাদের প্রথম শ্রেণির গণিত ও ইংরেজি বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।



গণিত বিষয়ের উপর প্রথম শ্রেণির এনসিটিবি গণিত বইয়ের আলোকে প্রশিক্ষণ প্রদান করেন মোহাম্মদপুর উপজেলাধীন গণিতের মাস্টার ট্রেইনার ও অলিম্পিয়াডের প্রশিক্ষক, মি. ফিরোজ আলম শিকদার। প্রথম শ্রেণির ইংরেজি বিষয়ের প্রশিক্ষণ প্রদান করেন মি. মনিউর হোসেন, মাস্টার ট্রেইনার। প্রশিক্ষণের শুরুর দিকে উপস্থিত ছিলেন ঢাকা ক্রেডিটের ব্যবস্থাপনা কমিটির ডিরেক্টর, মি. প্রত্যেশ রাংশা। তিনি বিভিন্ন দিক নির্দেশনামূলক বিষয় তোলে ধরে বলেন যে, "শিক্ষকরা বর্তমান নতুন কারিকুলামের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের সেই ভাবে গঠণ করে শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে।"

গণিত প্রশিক্ষক নতুন কারিকুলামের (২০২১) আলোকে ১ম শ্রেণির গণিত পাঠদানের শিক্ষনফল, অধ্যয়ন ভিত্তিক পাঠদানের পদ্ধতি, শিক্ষার্থীদের শিখনফলের মূল্যায়নের পদ্ধতি ইত্যাদি শিক্ষকদের মাঝে তোলে ধরেন। তিনি বলেন প্রাথমিকের শিখন উদ্দেশ্য হলো, " শারীরিক, মানসিক, সামাজিক, আধ্যাতিক, নৈতিক, মানসিক, নান্দনিক, আবেগিক তাদের দেশান্তরবোধে, বিজ্ঞান মনোস্ততা, শৃঙ্গনশীলতা ও উন্নত দর্শনে উদ্ভুদ্ধ করা"। প্রাথমিকে শিক্ষার্থীদের উদ্দেশ্য ১৩ টি ও প্রান্তিক যোগ্যতা ২৯ টি। " আনন্দে গণিত শিখি" মনোভাবকে মনে রেখে গণিত শিক্ষককে সমস্ত শিখন কার্যক্রম শ্রেণিকক্ষে উক্ত উদ্দেশ্য ও যোগ্যতা ভিত্তিতে সন্তানদের গড়ে তোলতে হবে। তাদের যোগ্যতার মাপকাটি হবে জ্ঞান, দক্ষতা, মূল্যেরোধ ও দৃষ্টিভঙ্গি। শিক্ষা উপকরনের (কাগজ) মাধ্যমে শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষন-শিখা কার্যক্রম পরিচালনা করে প্রশিক্ষক হাতে কলমে শিক্ষক/শিক্ষিকাদের দেখিয়ে দেন। শিক্ষকগণও বিভিন্ন প্রশ্নোত্তরের মাধ্যমে ও নিজে চর্চার মাধ্যমে গণিতে প্রতিটি অধ্যয়ন শিখেছে। গণিতের মূল্যায়নের কৌশল হলো: মৌখিক প্রশ্নোত্তর, লিখিত, পর্যবেক্ষণ, সাক্ষাৎকার, স্ব-মূল্যায়ন ও সহপাঠী কর্তৃক মূল্যায়ন। প্রথম শ্রেণির মূল্যায়ন হবে মাসিক ভিত্তিক (মার্ক হবে অ, ই, ঈ) যা শিক্ষকগণকে শিক্ষক ডাইরি-১ ও শিক্ষক ডাইরি-২ এ ধারাবাহিক ভাবে রেকর্ড রাখবেন। উল্লেখ্য, শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড রাখা ছাড়া অন্য কোন রকম পরীক্ষা নেওয়া বিধি-নিষেধ রয়েছে।

দ্বিতীয় পর্যায়ে ইংরেজি বিষয়ের উপর প্রশিক্ষণ দেন মি. মনিউর হোসেন, মাস্টার ট্রেইনার। তিনি বেশির ভাগ সময় ইংরেজি ভাষা ব্যবহার করেন ও শিক্ষকদের শ্রেণিকক্ষে পাঠদানের সময় ক্লাসরোম লেগুয়েজ ব্যবহার করতে বলেন। ইংরেজি ভাষার জন্য যে চারটি দক্ষতা (বলা, শুনা, পড়া ও লেখা) তা শ্রেণিকক্ষে পাঠদানের সময় পাঠ পরিকল্পনায় আনতে হবে। প্রশিক্ষক নিজে একটি পাঠ পরিকল্পনার মাধ্যমে শিক্ষকদের বুঝিয়ে দেন। শিক্ষকগণও বিভিন্ন উপকরণ ব্যবহার করে নিজেরা পাঠ প্রস্তুত করেন। প্রথম শ্রেণিতে শুধু দুইটি ভাষা শিখন দক্ষতা রয়েছে যা হলো বলা ও শুনা। শিক্ষকগণ বিভিন্ন প্রথম শ্রেণির ইংরেজি বিষয়ের পাঠদান কৌশল প্রশিক্ষণের মাধ্যমে শিখেন ও চর্চা করেন।

পরিশেষে, প্রধান শিক্ষক, মি. আনন্দ চৌধুরী প্রশিক্ষকদ্বয়কে, প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের, সর্বপুরি ঢাকা ক্রেডিটের ম্যানেজমেন্টকে ধন্যবাদ দেন। তিনি শিক্ষকদের নির্দেশনা দেন যে, প্রথম শ্রেণির নতুন কারিকুলামের আলোকে গণিত ও ইংরেজি বিষয়ের উপর শিক্ষকগণ যা শিখেছেন তা যেন শ্রেণিকক্ষে ব্যবহার হয়। এতে করে আমাদের শিক্ষার্থীগণ বর্তমান বাস্তবতার সাথে তাল মিলিয়ে চলতে পারবে।